



মৎস্যজীবী নিবন্ধীকরণ

মৎস্য দপ্তর



প্রকল্পটির উদ্দেশ্য

মৎস্যজীবী ও মৎস্য সংক্রান্ত বিভিন্ন কাজকর্মের সঙ্গে যুক্ত ব্যক্তিদের নিয়ে একটি তথ্যভাণ্ডার প্রস্তুত করা যাতে পরবর্তীকালে তাদের পেশাগত সচিত্র পরিচয় পত্র ও অন্যান্য সরকারি পরিষেবা প্রদান করা যায়। ভবিষ্যতে কেবলমাত্র নিবন্ধীকৃত মৎস্য চাষীরাই সমস্ত সরকারি প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হবেন। মৎস্যজীবীদের ১৮ থেকে ৬০ বছরের মধ্যে মৃত্যু হলে মৎস্যজীবী বন্ধু প্রকল্পে দু লক্ষ টাকা সহায়তা পাওয়া যাবে।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

১) মৎস্য চাষি, খুচরা ও পাইকারী মৎস্য বিক্রেতা, মৎস্য প্রক্রিয়াকরণ কেন্দ্রে কর্মরত কোন ব্যক্তি, জাল সারাইকারী, নৌকা ও ট্রলারের মালিক ও নিযুক্ত কর্মী, মৎস্য খামারে কর্মরত কোন ব্যক্তি, মৎস্য বা কাঁকড়া শিকারি, কাঁকড়া স্থূলকরণ প্রক্রিয়ায় যুক্ত কোনও ব্যক্তি, মৎস্য বীজ উৎপাদন কেন্দ্রের মালিক ও কর্মচারী এই প্রকল্পে আবেদন করতে পারেন।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) গ্রাম পঞ্চায়েত প্রধান/সদস্যের দেওয়া মৎস্যচাষ সংক্রান্ত কাজকর্মের সঙ্গে যুক্ত থাকার বিষয়ে শংসাপত্র;
- ২) আধার কার্ড;
- ৩) ব্যাঙ্কের পাশবইয়ের প্রথম পাতার ফটোকপি যেখানে অ্যাকাউন্ট নম্বর, আই এফ এস কোড, এম আই সি আর কোড আছে;
- ৪) পরচা/রেকর্ড অফ রাইটস (আর ও আর)/ইজারা সংক্রান্ত চুক্তি পত্র;
- ৫) পরিচয়পত্র হিসাবে আধার কার্ড/ ভোটার কার্ড/ড্রাইভিং লাইসেন্স/প্যান কার্ড/পাসপোর্ট/মৎস্যজীবীদের বায়োমেট্রিক আই সি ইত্যাদির যে কোনও একটির স্বপ্রত্যয়িত ফটোকপি লাগবে।
- ৬) বসবাসের প্রমাণ হিসাবে আধার কার্ড/ ভোটার কার্ড/ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্ট/স্থানীয় পঞ্চায়েত বা পৌরসভা বা সরকারি কর্তৃপক্ষের দেওয়া সার্টিফিকেট/ মৎস্যজীবীদের বায়োমেট্রিক আই সি/ ইলেকট্রিক বা টেলিফোন বিল বা সম্পত্তি কর প্রদানের রিসিপ্ট- এর স্বপ্রত্যয়িত ফটোকপি(২ মাসের পুরনো নয়) – এগুলির যে কোনও একটির স্বপ্রত্যয়িত ফটোকপি লাগবে।
- ৭) একটি রঙিন পাসপোর্ট সাইজের সাম্প্রতিক ছবি।
- ৮) পুকুরের ল্যান্ড শিডিউলের স্বপ্রত্যয়িত ফটোকপি।

যোগাযোগ

ব্লক অফিসের মৎস্য বিভাগ/ জেলা মীনভবনে /স্থানীয় দুয়ারে সরকার ক্যাম্পে যোগাযোগ করুন।

পশ্চিমবঙ্গ সরকার